

“বিসিএস প্রস্তুতি”

লেখক

আজিজ সারতাজ জায়েদ

সহকারী ব্যবস্থাপক (অপারেশন), বিএসসিসিএল

প্রশাসন ক্যাডারে সুপারিশপ্রাপ্ত (১৯ তম)

Fb Page Link: <https://www.facebook.com/SartazStrategyBCS/>

Edited By: Al Arafat Emon

#প্রিলিমিনারি_প্রস্তুতি_০১

#গ্রন্থ তালিকা

ইন্টারনেট থেকে প্রিলিমিনারি ও রিটেনের আলাদা ২টা সিলেবাস নামিয়ে প্রিন্টআউট করে আপনার টেবিলের সামনের দেওয়ালে স্টেটে দেবেন (বিশ্ব ও বাংলাদেশের মানচিত্রের পাশে) এবং প্রতিদিন ৩০ মিনিট করে টপিকগুলোতে চোখ বোলাবেন। সিলেবাসের টপিকগুলো মাথায় গেঁথে গেলে পত্রিকা পড়তে গেলেই বুঝবেন কোন কোন প্রবন্ধ একেবারেই অদরকারি। এতে পড়ার গাণ্ডি সীমিত হবে।

✚ বাংলা ব্যাকরণ (১৫ মার্ক):

১। মাধ্যমিক বাংলা ব্যাকরণ বোর্ড বই (সর্বশেষ সংস্করণ) ➤ প্রিলিম ও লিখিত উভয় ক্ষেত্রে কার্যকর।

২। মাধ্যমিক বাংলা রচনা বোর্ড বই (সর্বশেষ সংস্করণ) ➤ লিখিততে আসা চিঠিপত্র, প্রতিবেদন ইত্যাদির ফরম্যাট শেখার জন্য।

৩। বাংলা একাডেমির প্রমিত বাংলা বানানের নিয়ম (২০ টাকা দামের ছোট্ট বই) ➤ প্রিলি ও লিখিত উভয় ক্ষেত্রে লাগবে।

৪। হায়াৎ মামুদ ও ড মোহাম্মদ আমীন স্যারদ্বয়ের লেখা প্রমিত বাংলা ব্যাকরণ ও নির্মিতি ➤ ব্যাকরণের মাস্টারপিস, প্রিলিম ও লিখিত উভয় ক্ষেত্রে কার্যকর।

৫। ড মোহাম্মদ আমীন স্যারের ব্যবহারিক প্রমিত বাংলা বানান সমগ্র ➤ প্রিলিম ও লিখিত উভয় ক্ষেত্রে কার্যকর।

✚ বাংলা সাহিত্য (২০ মার্ক):

৬। মাহবুবুল আলম স্যারের বাংলা সাহিত্যের ইতিহাস ➤ প্রিলিম ও লিখিত উভয় ক্ষেত্রে কার্যকর।

✚ ইংরেজি ব্যাকরণ (২০ মার্ক):

৭। Master জাহাঙ্গীর আলম ➤ অজস্র প্র্যাকটিস প্রবলেম দেওয়া আছে যা এড়িয়ে গিয়ে শুধু রুলসগুলো শিখে যাবেন।

৮। Common Mistakes in English by Fitikides ➤ এই বইয়ের বিশুদ্ধ ইংরেজি সংস্করণ কিনতে না পেলে বাংলায় সহজে বোঝানো হয়েছে অনেক প্রকাশনার বইয়ে যাদের মাঝে জাহাঙ্গীর আলম স্যারের মাস্টার পাবলিকেশনের বাংলা ফিটিকাউডস কিনবেন।

৯। Common Mistakes in English by Thomas Elliott Berry ➤ লৈখিক ইংরেজিতে যেসব ভুল হয়, তার বিশদ ব্যাখ্যার দারুণ বই।

✚ English Literature (১৫ মার্ক):

১০। A Gateway to English Literature by S M Shamim Ahmed ➤ শুধুই প্রিলিমের জন্য

✚ আন্তর্জাতিক বিষয়াবলি (২০ মার্ক):

প্রচুর ইউটিউব কন্টেন্ট আছে, যার বাইরে যাওয়া লাগে না।

#আন্তর্জাতিক_বিষয়াবলি_প্রস্তুতি(পর্ব ২) শিরোনামে কার্যকরী চ্যানেলগুলোর তালিকা দেওয়া আছে আমার লেখা পোস্টে, চাইলে অনুসরণ করতে পারেন।

১১। মোহাম্মদ আবদুল হালিম স্যারের আন্তর্জাতিক সম্পর্কের মূলনীতি► প্রিলি ও রিটেনে কিছুটা কাজে আসবে, তবে না পড়লে ক্ষতিবৃদ্ধি নেই।

✚ **বাংলাদেশ বিষয়াবলি (৩০ মার্ক):**

১২। প্রফেসর পাবলিকেশনের শেষ ২ বছরের কারেন্ট এফেয়ার্স সালতামামি► কেবল বাংলাদেশের স্বার্থ সংশ্লিষ্ট আন্তর্জাতিক তথ্য নোট করুন। প্রসেসটা ঝঙ্কিদায়ক মনে হলে সহজে প্রিলি পাশের জন্য নিচের ৩টা বিশুদ্ধ প্রিলির বই থেকে যেকোনো ১টা জোগাড় করুন-

১৩। নাস্টম ভাইয়ের প্রিলিমিনারির বেসিক ভিউ,

১৪। এস এম আতিক স্যারের বিশ্বরাজনীতির সেকাল একাল,

১৫। মোহাম্মদ নবাব আলী স্যারের সলিড মেথড।

অথবা কেউ ৩টাই কিনবেন না।

✚ **ভূগোল (১০ মার্ক):**

১৬। মাধ্যমিক ভূগোল বোর্ড বই► সরাসরি কমন আসে।

✚ **সাধারণ বিজ্ঞান (১৫ মার্ক):**

প্রিলি রিটেন একত্রে প্রস্তুতি নিতে হবে।

১৭। মাধ্যমিক সাধারণ বিজ্ঞান বই► খুব বিশদভাবে পড়তে হবে।

১৮। মাধ্যমিকের বিজ্ঞান বিভাগের ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি বই► কেবল প্রিলি ও রিটেনের সিলেবাসে উল্লিখিত টপিকগুলো নোট করতে হবে। বিশদ পড়তে যাবেন না।

✚ **আইসিটি (১৫ মার্ক):**

প্রিলি রিটেন একত্রে প্রস্তুতি নিতে হবে।

১৯। জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতক পর্যায়ে পাঠ্য "কম্পিউটার ও ইনফরমেশন টেকনোলজি, প্রকৌশলী মুজিবুর রহমান"-এর বইকে মূল টেক্সট ধরবেন সিলেবাসের টপিকগুলোকে দাগিয়ে। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এইচএসসির আইসিটি বই এবং কম্পিউটার বই- এই ২ বই থেকে প্রিলি ও রিটেনের সিলেবাসের আইটেম ধরে ধরে মূল টেক্সটের সাথে বাড়তি ইনফো যোগ করুন।

✚ **সুশাসন, নৈতিকতা ও মূল্যবোধ (১০ মার্ক):**

২০। উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এইচএসসি সিলেবাসের ২টা বই কিনবেন বা ইন্টারনেটে অত্যন্ত অনায়াসলব্ধ, ডাউনলোড করবেন, যথা-

"নীতিবিদ্যা", এবং "পৌরনীতি ও সুশাসন ১ম পত্র"। প্রিলির সিলেবাসের টপিক ঐ ২ বই থেকে খুঁজে খুঁজে নোট করবেন। সরাসরি কমন পাবেন ইনশাআল্লাহ। এই নোট পরবর্তীতে বাংলাদেশ বিষয়াবলি লিখিত পরীক্ষায় কাজে দেবে।

✚ **গণিত ও মানসিক দক্ষতা (৩০ মার্ক):**

এদের জন্য প্রিলি ও রিটেনে একই প্রস্তুতি, শুধু রিটেনের জ্যামিতি বাদ দিয়ে পড়বেন। এ সংক্রান্ত বইয়ের তালিকা

#মানসিক_দক্ষতা_রিটেন_প্রস্তুতি পোস্টে দেবো সামনে।

ডাইজেস্ট পড়াটা আমার কাছে অত্যন্ত রিপেলিং মনে হয়েছে। এত মোটা বই দেখে ধরতে ইচ্ছা করে না। তাই, ডাইজেস্ট আমি কাউকে সুপারিশ করি না। আপনার টেবিল এবং বুকশেলফে ওপরের ২০-২২ টা বইয়ের বাইরে একটাও অন্য কিছু থাকতে পারবে না। পার্শিয়াল মেডিকেশান বলে কিছু নেই, কোনো সিস্টেমে উপকার পেতে চাইলে শতভাগ সেই সিস্টেমের অনুসরণ করতে হয়।

#রিটেন_প্রস্তুতি_০১

#গ্রন্থ_তালিকা

✚ লিখিত প্রস্তুতির জন্য যে বইগুলোর শরণাপন্ন হতে পারেন, একটি অভিজ্ঞতালব্ধ তালিকা দিচ্ছি নিচে। তবে আমি নিজে এগুলোর সবগুলো যে পড়েছি, তা নয়। কোনগুলো পড়িনি, পাদটীকায় লিখে দেবো। প্রথমত, বিগত লিখিতের প্রশ্নব্যাংক (স্বনামধন্য যে-কোনো প্রকাশনার)

এবং অদ্যাবধি প্রাসঙ্গিক সব প্রশ্নের উত্তর নোট করবেন (অধুনা অপ্রাসঙ্গিক বিগত প্রশ্ন যেমন শিক্ষা নীতিমালা ২০১০, দারিদ্র্য বিমোচন কৌশলপত্র, ইসরাইল-ফিলিস্তিন দ্বন্দ্ব পড়ে সময় নষ্ট করবেন না)।

✚ বাংলা:

১। মাধ্যমিক বাংলা রচনা বোর্ড বই (সর্বশেষ সংস্করণ)► লিখিততে আসা চিঠিপত্র, প্রতিবেদন ইত্যাদির ফরম্যাট শেখার জন্য।

২। বাংলা একাডেমির প্রমিত বাংলা বানানের নিয়ম (২০ টাকা দামের ছোট্ট বই)► প্রিলি ও লিখিত উভয় ক্ষেত্রে কার্যশীল।

৩। প্রবাদ ও প্রবচন অভিধান: ড. মোহাম্মদ আমীন► মূলত লিখিতর ৬ মার্কের জন্য। সাথে "সমরচন্দ্র পাল স্যারের প্রবাদপ্রবচনের উৎস" এবং "সৌমিত্র শেখর স্যারের জিজ্ঞাসা"► এই ২ বইয়ের পিডিএফ বিসিএস গ্রুপগুলোর ফাইল সেকশান থেকে নামিয়ে শুধু প্রবাদ অংশ খাতায় টুকে নিন, অযথা কিনতে যাবেন না বই ২টি। লিখিতর ৬ মার্ক এতে পাকাপোক্ত হবে।

৪। হায়াৎ মামুদ ও ড মোহাম্মদ আমীন স্যারদ্বয়ের লেখা প্রমিত বাংলা ব্যাকরণ ও নির্মিতি► ব্যাকরণের মাস্টারপিস, প্রিলিম ও লিখিত উভয় ক্ষেত্রে কার্যকর। সাথে বাংলা মাধ্যমিক বাংলা ব্যাকরণ বই থেকে ব্যাকরণের প্রশ্নোত্তর মিলিয়ে শিখতে পারেন।

৫। মাহবুবুল আলম স্যারের বাংলা সাহিত্যের ইতিহাস► সাহিত্যের প্রাচীন ও মধ্যযুগের জন্য ভালো হবে।

২১। বাংলা একাডেমি থেকে প্রকাশিত আনিসুজ্জামান স্যারের লেখা "বাংলা সাহিত্যের ইতিহাস-২য় খণ্ড" সাহিত্যের আধুনিক যুগের জন্য ভালো হবে।

✚ English:

১২ মিনিটে ৪০ টি ইংরেজি বাক্য বুঝে রিডিং পড়ার সামর্থ্য করে নিতে হবে, না হলে লিখিততে ৫০ মার্কের রচনা ৩,৪ পৃষ্ঠার বেশি লিখতে পারবেন না। কেউ কেউ যেখানে ৩৫-৪২ রেঞ্জের নাম্বার পাবেন, আপনি সেখানে তখন পাবেন ১০-১৫ রেঞ্জ! আমি লন টেনিসের পাঁড় ভক্ত। তাই ফেসবুকে টেনিসের পেইজগুলি ফলো দেওয়া। প্রতিদিন তাই অজস্র টেনিস আর্টিকেল পড়ে পড়ে অজ্ঞাতসারে দ্রুতপঠনের দক্ষতা ভালো করে নিয়েছি। অনলাইন ভালো না লাগলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ইংরেজিতে অনার্সের কারিকুলামের ২য় বর্ষে আছে একটি কোর্স যার নাম Reading Skill, এটা নেবেন Friends Publications এর বই।

৬। ক্যাডার্স অনুবাদ, ক্যাপ্টেন পাবলিকেশন► অনুবাদের টিপস দিয়ে সাজানো, তবে আমি নিজে পড়িনি।

৭। ফরহাদ হোসেন ভাইয়ের লেখা ভোকাবিল্ডার► পড়া থাকলে কম্প্রিহেনশানে বেশ সুবিধা পাবেন, সিনোনিম-এন্টোনিমে বিশেষত। জিআরই-র জন্য আমার কিছুটা পড়া ছিল।

>> Google Playstore থেকে Grammarly App ডাউনলোড করবেন, যা মূলত একটি কি-বোর্ড। এই গ্রামারলি কি-বোর্ড অন রেখে যা-ই লিখবেন, সেটার ত্রুটি ধরিয়ে দেবে। তাই সাধারণ রিডমিক কি-বোর্ডেই আপনার লেখা লিখুন জিমেইল ড্রাফটে। লেখা শেষে সেটিংস থেকে কি-বোর্ড পালটে গ্রামারলি ওপেন করুন। তখন ঐ ড্রাফটে গেলেই কী কী ভুল করেছেন, সব লিস্ট করে দেখাবে। এই লিস্ট সংগ্রহ করবেন খাতায় যেন ভবিষ্যতে ভুলের পুনরাবৃত্তি না ঘটে।

✚ গণিত:

৮। মাধ্যমিক সাধারণ গণিত বই► সব উপপাদ্য এবং লিখিতর সিলেবাসের টপিক অনুসারে বইটার চ্যাপ্টারের উদাহরণ ও অনুশীলন আয়ত্তে আনবেন।

৯। মাধ্যমিক উচ্চতর গণিত বই► স্থানাঙ্ক, লগসূচক ও অন্যান্য যেসব বিষয় লিখিতর সিলেবাসে আছে, খুব ভালোভাবে আয়ত্তে আনবেন।

১০। উচ্চ মাধ্যমিক অক্ষরপত্র প্রকাশনার ১ম পত্র► বিন্যাস-সমাবেশের জন্য।

১১। উচ্চ মাধ্যমিক অক্ষরপত্র প্রকাশনার ২য় পত্র► সম্ভাব্যতার জন্য।

তবে ৯-১০ এর ম্যাথে যদি বারবার আটকে যান, এর অর্থ আপনার বেসিকে ব্যাপক ঘাটতি আছে। সেক্ষেত্রে খাইরুল'স ব্যাসিক ম্যাথ করে হাত পাকাবেন অথবা ক্লাস ৫ থেকে ৮ এর ম্যাথ বই সব চেষ্টা ফেলবেন। মানসিক দক্ষতার জন্য বিগত প্রিলিম ও রিটেনের সব প্রশ্ন সমাধান করবেন, প্রচুর রিপিটেশান ঘটে। খাইরুল'স মানসিক দক্ষতা ভালো হতে পারে, যদিও এটা সম্পূর্ণ কানকথা থেকে বললাম।

✚ বাংলাদেশ বিষয়াবলি

১২। মিয়া সেলিমের ক্যাডার'স রিটেন সাপ্লিমেন্ট বই► সব জরুরি-অজরুরি ডাটা এক সাথে করা, বুদ্ধি করে শুধু জরুরি ডাটা দাগিয়ে রাখবেন।

১৩। জাহিদ হাসান ভাইয়ের রিটেন ম্যানিয়া► রিটেনের ১ মাস আগে বের করেন, তবে অসম্ভব অভিমানী প্রকৃতির! বই বের করার কথা দিলেও প্রায়ই গোসসা দেখিয়ে আর বের করেন না।

১৪। মো'তাছিম বিল্যাহর সহজ ভাবনায় সংবিধান

১৫। স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস, অধ্যাপক ড মুনতাসীর মামুন

১৬। বঙ্গবন্ধু পিডিয়া, অধ্যাপক ড মুনতাসীর মামুন

সাথে প্রিলিমের রিসোর্সগুলি থেকে লিখিতর কমন আইটেমগুলি ঝালাই করে নেবেন।

প্রিলিমে শেখা সুশাসনের ডাটা কায়দা করে লিখিততে প্রয়োগ করতে হবে।

✚ আন্তর্জাতিক বিষয়াবলি:

১৭। মানচিত্র (বিশ্ব & বাংলাদেশ)► স্বনামধন্য প্রকাশনা থেকে কিনবেন।

১৮। মোহাম্মদ আবদুল হালিম স্যারের আন্তর্জাতিক সম্পর্কের মূলনীতি► প্রিলি ও রিটেনে কিছুটা কাজে আসবে।

১৯। প্রফেসর পাবলিকেশনের শেষ ২ বছরের কারেন্ট এফেয়ার্স সালতামামি► এগুলো থেকে কেবল বাংলাদেশের স্বার্থ সংশ্লিষ্ট আন্তর্জাতিক তথ্য নোট করুন।

২০। রিটেনের গাইড বই থেকে নাইম ভাইয়ের রিটেন বেসিক ভিউ (আন্তর্জাতিক, হালকা আইডিয়া পাবেন ১০০ মার্কের, তবে বেশি আশাবাদ রাখবেন না), এস এম আতিক স্যারের "এ টেক্সট বুক অব কনসেপচুয়াল ইশুজ" (৪০ মার্কের জন্য পড়তে পারেন, তবে তেমন কাজে আসবে না মনে হয়), মোহাম্মদ নবাব আলি স্যারের আন্তর্জাতিক রিটেন হ্যান্ডবুক (১০০ মার্কের জন্য দেখে যেতে পারেন)।

মূলকথা হচ্ছে সামগ্রিক বাংলাদেশের স্বার্থসংশ্লিষ্ট আন্তর্জাতিক রিসেন্ট ইশুজ সম্বন্ধে ধারণা নিয়ে পরীক্ষার হলে লিখতে বসলে ইনশাল্লাহ কলম থামবে না। কনসেপচুয়াল টপিক (১০০ তে ৪০ মার্ক) ইদানীং কোনো বই থেকে কমন আসছে না। বিগত ২ বছরে বহুল চর্চিত আন্তর্জাতিক টার্ম যেমন ভ্যাক্সিন ডিপ্লোম্যাসি, এন্টিভ্যাক্সিন মুভমেন্ট, ডেট ট্র্যাপ, ইত্যাদি নিয়মিত অনলাইন পোর্টালে চোখ রাখলে জানতে পারবেন। গুগল ট্রেন্ডে গিয়ে ট্রেন্ডি পলিটিক্যাল টার্ম সার্চ দিয়ে সহজে বহুল চর্চিত শব্দগুলোর তালিকা পেয়ে যাবেন। হার্ডকোর তত্ত্বীয় আন্তর্জাতিক সম্পর্কের বই এখন নিষ্প্রয়োজন। প্রচুর ইউটিউব কন্টেন্ট আছে, যার বাইরে আর কিছুই লাগে না। নেক্সট পোস্টে কার্যকরী চ্যানেলগুলোর তালিকা দেবো। আমি আন্তর্জাতিক সম্পূর্ণ ইউটিউব ভিত্তিক প্রস্তুতি নিয়েছিলাম।

✚ সাধারণ বিজ্ঞান:

২১। মাধ্যমিক সাধারণ বিজ্ঞান► পুরো বই পড়তে হবে খুঁটিয়ে।

২২। ৮ এর বিজ্ঞান বই► বিজ্ঞানে যাঁরা দুর্বল, তাঁদের জন্য কাজের।

মাধ্যমিকের বিজ্ঞান বিভাগের ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি বই থেকে রিটেনের সিলেবাসের টপিকগুলো নোট করতেই হবে। রিসেন্ট রোগবালাই যেমন করোনা ইমপর্টেন্ট, তাই ভাইরাসজনিত সব কিছুর ডিটেইলস জানুন।

► কম্পিউটার ও তথ্য প্রযুক্তি:

২৩। জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতক পর্যায়ে পাঠ্য "কম্পিউটার ও ইনফরমেশন টেকনোলজি-প্রকৌশলী মুজিবুর রহমান"► বইটিকে মূল টেক্সট ধরবেন এবং বইয়ের ভেতরে লিখিত সিলেবাসের টপিকগুলো দাগিয়ে নেবেন। সাথে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এইচএসসির আইসিটি বই এবং কম্পিউটার বই- এই ২ বই থেকে লিখিত সিলেবাসের আইটেম ধরে ধরে মূল টেক্সটের পাশে বাড়তি ইনফো কলম দিয়ে টীকা করে নিন। এ বিষয়ে প্রিলিম-রিটেন একত্রে প্রস্তুতি নেওয়া উচিত।

► তড়িৎ ও ইলেকট্রনিক প্রযুক্তি:

কারিগরি শিক্ষাবোর্ডের ৯ম/১০ম শ্রেণির ভোকেশনাল কোর্সের "ইলেকট্রিক্যাল মেইন্টেন্যান্স ওয়ার্ক্স-১" বইটা পড়বেন। পিডিএফ খুব সহজলভ্য।

শেষকথা:

শুধু নোট লিখে ও বই কিনে লেশমাত্র অর্জন হবে না যদি সেগুলো আত্মস্থ না করতে পারেন এবং পরীক্ষা কেন্দ্রে লিখে আসতে না পারেন!

বাংলাদেশ_বিষয়াবলি(১ম পর্ব)

#ডাটা সমাচার

► যেসব ডাটা শিখে যাবেন-

- ✓ বাংলাদেশের অক্ষাংশ-দ্রাঘিমাংশ
- ✓ বাংলাদেশি পাহাড় ও পর্বতের গড় উচ্চতা এবং সর্বোচ্চ উচ্চতা
- ✓ প্লাইস্টোসিন চত্বর ৩টির ক্ষেত্রফল এবং উচ্চতা
- ✓ প্লাবন সমভূমির পরিমাণ
- ✓ চাকমা, মারমা, সাঁওতাল উপজাতির জনসংখ্যা
- ✓ দারিদ্র্য হার (স্বাভাবিক ও চরম)
- ✓ ইন্টারনেট ব্যবহারকারী বাংলাদেশি জনসংখ্যা
- ✓ জিডিপি, জিএনপি, এনএনপি, বাজেটের আকার, এফডিআই, এডিপি, শেষ অর্থবছরে রেমিট্যান্সের যোগান, বাংলাদেশ ব্যাংকে গচ্ছিত মোট রেমিট্যান্স, সর্বশেষ অর্থবছরে আমদানিরপ্তানি-সর্বশেষ ডাটা (বিলিয়ন ইউএস ডলার এককে শিখবেন)
- ✓ জিডিপির সর্বশেষ ৫ বছরের প্রবৃদ্ধির হার
- ✓ ২০০৯ হতে বর্তমানে গড় জিডিপি প্রবৃদ্ধির হার
- ✓ মাথাপিছু ঋণ
- ✓ ঋণ বনাম জিডিপি
- ✓ মেগাপ্রজেক্ট ১০টির সূচনা ও সমাপ্তির সাল
- ✓ যেসব মেগাপ্রজেক্ট শেষের দিকে, তাদের পেছনে মোট খরচ (বিলিয়ন ইউএস ডলার)
- ✓ মোট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা (২০০৮ বনাম বর্তমান সাল)
- ✓ বিদ্যুৎ সুবিধাভোগী শতকরা জনগোষ্ঠী
- ✓ নবায়নযোগ্য শক্তি ব্যবহারকারী বাংলাদেশি শতকরা জনসংখ্যা